2021 NYC কমিউনিটি স্বাস্থ্য জরিপ

আরও তথ্য এবং প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

নিউ ইয়র্ক সিটি কমিউনিটি স্বাস্থ্য জরিপটি কী? জরিপটি আমাকে কোন বিষয়ে জিজ্ঞাসা করবে?
নিউ ইয়র্ক সিটি কমিউনিটি স্বাস্থ্য জরিপটি আপনার স্বাস্থ্য ও স্বাস্থ্য সংক্রান্ত কার্যাভ্যাসগুলির সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করবে যার মধ্যে COVID-19 নামক জরুরি জনস্বাস্থ্য পরিস্থিতির প্রভাবও অন্তর্ভুক্ত। আপনার অংশগ্রহণ স্বেচ্ছাকৃত। আপনি যে কোনো প্রশ্ন এড়িয়ে যেতে পারেন অথবা যে কোনো সময় জরিপটি থামিয়ে দিতে পারেন। তবে, সমস্ত প্রশ্নের উত্তর দিলে তা নিউ ইয়র্ক সিটি'র স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি বিভাগকে (New York City Department of Health and Mental Hygiene) আরও ভালোভাবে নিউ ইয়র্কবাসীদের পরিষেবা দিতে সাহায্য করবে।

আমি অনলাইনে জরিপটি নিতে পারছিনা অথবা চাই না। তাসত্ত্বেও কি আমি জরিপটি নিতে পারি?
আপনার যদি বাড়িতে অথবা ট্যাবলেটে অথবা স্মার্টফোনে ইণ্টারনেট সংযোগ না থাকে, তাহলে আপনি ইণ্টারনেট সংযোগ আছে এমন যে কোনো জায়গায় জরিপটি নিতে পারেন, যেমন একটি গ্রন্থাগার অথবা সামাজিক কেন্দ্রে। আপনি যদি জরিপটির একটি কাগজের সংস্করণের জন্য অনুরোধ করতে চান, অথবা ফোনের মাধ্যমে জরিপটি নিতে চান, তাহলে **833-574-3096** নম্বরে কল করতে পারেন।

আপনি কি ব্যক্তিগত প্রশ্ন জিজ্ঞাসা করেন?
প্রশ্নগুলির মধ্যে অনেকগুলিই ব্যক্তিগত স্বাস্থ্য সম্বন্ধে। যদিও কিছু মানুষ অনুভব করতে পারেন যে কিছু উত্তর দেওয়া কঠিন হয়, তবে এই সম্বন্ধে জিজ্ঞাসা করা ছাড়া, একটি সমস্যার অস্তিত্ব আছে কিনা তা জানার অন্য কোনো উপায় নেই। আপনার গোপনীয় উত্তরগুলি NYC স্বাস্থ্য বিভাগকে (Health Department) NYC-এর স্বাস্থ্য পরিচর্যার প্রয়োজনগুলি বুঝতে ও উদ্দেশ করতে সাহায্য করে।

আমার পরিবারে কাদের জরিপটি সম্পূর্ণ করা উচিত?
আমরা আপনার পরিবারের সেই প্রাপ্তবয়স্ক মানুষটিকে (বয়স 18 বছর অথবা তার বেশি) জরিপটি নিতে অনুরোধ করছি <u>যার জন্মদিন এগিয়েআসছে</u>। এই পদ্ধতির মাধ্যমেআমরা বিভিন্ন ধরণের নিউ ইয়র্কবাসীদের কথা সাথে কথা বলতে সক্ষম হবো । এই এলোমেলোভাবে বেছে নেওয়ার পদ্ধতিটি নিশ্চিত করবে যে জরিপটির ফলাফল যেন সকল নিউ ইয়র্কবাসীর মতামতকে প্রতিফলিত করে।

আপনি কীভাবে আমার ঠিকানা পেয়েছিলেন?
NYC-এর সকল আবাসিক ঠিকানার মধ্যে থেকে আপনার ঠিকানাটি এলোমেলোভাবে বেছে নেওয়া হয়েছিল।

আমি কীভাবে জানব যে এটি NYC স্বাস্থ্য বিভাগের (Health Department) একটি সরকারি জরিপ?
জরিপ সম্পর্কিত আরও তথ্যের জন্য আপনি **<u>www.nyc.gov/health/nycsurveys</u>** দেখতে পারেন । আপনি আমাদের ঠিকাদার Abt Associates (এবিটি অ্যাসোসিয়েটস)-এর সঙ্গে **646-490-2091** অথবা **<u>nycchs@abtassoc.com</u>**-এ যোগাযোগ করে জরিপটি যে সরকারি সে বিষয়ে নিশ্চিত হতে পারেন। এই সমীক্ষা বা সমীক্ষার ফলাফল সম্বন্ধে আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনি NYC স্বাস্থ্য বিভাগের প্রোজেক্ট ম্যানেজার কে **347-396-2882** এ কল করতে পারেন| আমরা কোনো কিছু বিক্রি করছি না অথবা টাকা চাইছি না।

আমার তথ্য কি গোপনীয়? আমার গোপনীয়তা কি রক্ষা করা হবে?
আপনার দেওয়া তথ্য সুরক্ষিত পদ্ধতিতে পরিচালনা করা হবে । আপনি যদি জরিপটি অংশগ্রহণ করতে না চান, তাহলে তা আপনার অথবা আপনার পরিবারের কোনো সরকারি সংস্থা থেকে প্রাপ্ত সুবিধাগুলিকে প্রভাবিত করবে না। আমরা আপনার নাগরিকত্ব অথবা নাগরিকত্বের আইনি অবস্থা সম্বন্ধে জিজ্ঞাসা করবো না

জরিপে আপনার উত্তরগুলি গোপনীয়। জরিপটি NYC-এর স্বাস্থ্য বিভাগের (Health Department) প্রাতিষ্ঠানিক পর্যালোচনা বোর্ড (Institutional Review Board) দ্বারাও পর্যালোচিত এবং অনুমোদিত হয়েছে, যারা জরিপের অংশগ্রহণকারীদের অধিকারগুলি রক্ষা করার দায়িত্বে আছেপ্রাতিষ্ঠানিক পর্যালোচনা বোর্ডের সঙ্গে যোগাযোগ করতে **347-396-6118** নম্বরে কল করুন।

জরিপটি কতক্ষণ সময় নেবে?
জরিপটি সম্পূর্ণ করতে আনুমানিক 25 মিনিট সময় লাগবে।

জরিপটি নেওয়ার জন্য আমাকে কীভাবে অর্থপ্রদান করা হবে?
জরিপটি নেওয়ার পরে আপনাকে $25 মূল্যের একটি ইলেকট্রনিক ভিসা গিফট কার্ড আপনি আমাদের যে ই-মেল ঠিকানা দিয়েছেন সেখানে পাঠানো হবে এক অথবা দুটি কর্মদিবসের মধ্যে। আপনি চাইলে আপনার ডাক যোগাযোগের ঠিকানাটি আমাদের দিতে পারেন এবং Abt Associates আপনাকে দুই থেকে চার সপ্তাহের মধ্যে মেলের মাধ্যমে একটি $25 মূল্যের ভিসা গিফট কার্ড পাঠিয়ে দেবে।

আমরা বুঝি যে COVID-19 সংক্রান্ত জনস্বাস্থ্য জরুরি অবস্থার কারণে এটা সবার জন্যই একটা কঠিন সময়। আমরা উপলব্ধি করি যে সমীক্ষার কিছু প্রশ্ন COVID-19 সম্বন্ধে অনিশ্চয়তার অনুভূতি বা উদ্বেগ বাড়িয়ে দিতে পারে। এই সমীক্ষাটি সম্পূর্ণ করার সময় আপনি যদি মানসিক কষ্টে ভোগেন, তাহলে আমরা আপনাকে 888-NYC-WELL (888-692-9355) এ কল করে, "WELL" লিখে 65173 নম্বরে টেক্সট করে অথবা **nyc.gov/nycwell**এ চ্যাট করে, NYC Well এর সঙ্গে যোগাযোগ করতে উৎসাহিত করি।পরামর্শদাতারা সপ্তাহের সাত দিনই, প্রতিদিন 24 ঘন্টা আপনার কথা শোনা ও সাহায্য করার জন্য উপলব্ধ আছেন। NYC Well হেল্পলাইনটি বিনামূল্য ও গোপনীয়, এবং 200 টির বেশি ভাষায় অনুবাদের সুবিধা উপলব্ধ আছে।

La encuesta CHS de NYC también está disponible en español. Visite el sitio web **<u>http://chs.abtsites.com/sp.html</u>** para obtener más información.

纽约市 CHS 调查还提供中文版本。请访问 **<u>http://chs.abtsites.com/cs.html</u>** 了解更多信息。

紐約市 CHS 調查也提供中文版本。請造訪 **<u>http://chs.abtsites.com/ct.html</u>** 以瞭解更多資訊。網路版和紙本調查也以簡體中文提供。如果您寧願透過電話進行調查，可以致電我們的免費電話 833-574-3096，與受過專門訓練的 Abt Associates 調查人員用廣東話或普通話一起進行調查。

Опрос о состоянии здоровья населения города Нью-Йорка также доступен на русском языке. Для получения дополнительной информации посетите веб-сайт **<u>http://chs.abtsites.com/ru.html</u>**.

Sondaj NYC CHS la disponib tou an Kreyòl Ayisyen. Tanpri, ale sou **<u>http://chs.abtsites.com/hc.html</u>** pou jwenn plis enfòmasyon.